195

দৈনিক সংবাদ

তারিখ ... JUL 20 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

# কামারখালী ডিগ্রি কলেজে হামলা ভাঙচুর ॥ শিক্ষকসহ ৩ জন আটক

ফরিদপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ কামারখালী বীর শ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ ডিগ্রী কলেজ ভাঙচুর মামলার আসামি নাসির খান নয়নকে ১৭ই জুলাই কামারখালী সেতুর টোল অফিস থেকে পুলিশ গ্রেফতার করে। প্রকাশ, গোপন সূত্রে খবর পেয়ে মধুখালী থানার দারোগা রাম প্রসাদ ভক্তের নেতৃত্বে একটি পুলিশ দল তাকে গ্রেফতার করে। রোববার নাসির খান নয়নকে আদালতে হাজির করা হলে তাকে জেলহাজতে পাঠিয়ে দেয়া হয়। নয়ন কামারখালী ডিগ্রী কলেজের ৩য় বর্ষের ছাত্র।

এদিকে একই মামলার আসামি ডিগ্রী ফাইনালের ছাত্র বসিরুজ্জামান লাবলুকে গত রোববার আদালতে উপস্থিত করা হলে বিজ্ঞ আদালত তাকে ডিটেনশন দিয়ে জেলহাজতে পাঠান।

এছাড়া কাদিরদী কলেজের প্রভাষক জাকির হোসেন মোল্লাকেও একই মামলার আসামি হিসেবে কোতোয়ালি পুলিশের এস, আই নাসিম গত শুক্রবার রাতে শহরের ঝিলটুলি এলাকা থেকে গ্রেফতার করেন।

উল্লেখ্য, গত ৪ঠা জুলাই প্রভাষক জাকির হোসেন মোল্লার নেতৃত্বে ২৫/৩০ জনের একটি অস্ত্রধারী সন্ত্রাসী দল কামারখালী বীরশ্রেষ্ঠ আবদুর রউফ ডিগ্রী কলেজে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে। এতে কলেজের প্রায় ৩ লাখ টাকার সম্পদ ক্ষতি হয়েছে বলে মামলার বিবরণে জানা যায়।